
বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি) এর ত্রৈমাসিক ই-বুলেটিন



# পল্লী পরিক্রমা

এপ্রিল-জুন ২০২১ বর্ষ ৫ সংখ্যা ১৬

www.brdb.gov.bd

ভেতরের পাতায় গুরুত্বপূর্ণ শিরোনাম....


| | |
|---|---|
| করোনায় ক্ষতিগ্রস্ত ক্ষুদ্র পল্লী উদ্যোক্তাদের ঋণ দিচ্ছে বিআরডিবি | ৪ |
| মাঠ পর্যায় থেকে এসএমই ঋণের আবেদন যাচাই বাছাই | ৫ |
| জেলার সাথে ২১-২২ অর্থবছরের এপিএ চুক্তি স্বাক্ষর অনুষ্ঠান | ৬ |
| বিআরডিবি'তে স্থাপিত বঙ্গবন্ধু কর্ণার পরিদর্শন করেছেন স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের মাননীয়র প্রতিমন্ত্রী জনাব স্বপন ভট্টাচার্য্য, এমপি। | ৭ |
| রংপুরে ১০ তলা বিশিষ্ট ডিসপ্লে কাম সেলস সেন্টারের ভিত্তি প্রস্তর স্থাপন করলেন সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ | ৭ |
| উদকনিক উদকনিক প্রকল্পের সদস্যদের উৎপাদিত পণ্য দেখছেন সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ | ৮ |
| অন্যান্য | ৯-১১ |




## মহাপরিচালকের বার্তা

পল্লী এলাকার জনগণকে সংগঠিত ও প্রশিক্ষণের মাধ্যমে অধিক খাদ্য উৎপাদন, আধুনিক কৃষি পদ্ধতির সম্প্রসারণ, কৃষি উৎপাদন বৃদ্ধি, খাদ্য নিরাপত্তা নিশ্চিতকরণ এবং পল্লী অঞ্চলের কর্মসংস্থান সৃজন করার লক্ষ্যে সরকারের গুরুত্বপূর্ণ সেবাদানকারী প্রতিষ্ঠান বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড।

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি) এর ত্রৈমাসিক ই-বুলেটিন "*পল্লী পরিক্রমা*" জানুয়ারি-মার্চ, ২০২১ বর্ষ ৫, সংখ্যা ১৫ প্রকাশিত হ'ল। এই দায়িত্বপূর্ণ কাজটির সাথে সংশ্লিষ্ট সকলকে আমার পক্ষ থেকে আন্তরিক অভিনন্দন জানাই।

**সুপ্রিয় কুমার কুন্ডু**
মহাপরিচালক (গ্রেড-১)

## জাতীয় শুদ্ধাচার পুরস্কার ২০২০-২০২১ পেলেন বিআরডিবি'র মহাপরিচালক জনাব সুপ্রিয় কুমার কুন্ডু

পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের নিয়ন্ত্রণাধীন দপ্তর/সংস্থার প্রধান ক্যাটাগরিতে বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ডের মহাপরিচালক জনাব সুপ্রিয় কুমার কুন্ডু মহোদয় সরকারি সেবা প্রদানে শুদ্ধাচার চর্চায় অনন্য দৃষ্টান্ত রাখার স্বীকৃতি স্বরূপ ২০২০-২০২১ অর্থবছরে শুদ্ধাচার পুরস্কার পেয়েছেন। ১৯ মে ২০২১ তারিখে স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী জনাব স্বপন ভট্টাচার্য্য মহোদয়ের নিকট থেকে মহাপরিচালক মহোদয় শুদ্ধাচার পুরস্কার গ্রহণ করেন। উল্লেখ্য বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড ২০২০-২০২১ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) অনুযায়ী পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের মধ্যে প্রথম স্থান অধিকার করে অনন্য দৃষ্টান্ত স্থাপন করেছেন। শুদ্ধাচার চর্চায় অনন্য দৃষ্টান্ত স্থাপন করায় বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড পরিবার আপনার কাছে চির ঋণী।





পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের নিয়ন্ত্রণাধীন দপ্তর/সংস্থার প্রধান ক্যাটাগরিতে জাতীয় শুদ্ধাচার পুরস্কার ২০২০-২০২১ পাওয়ায় বিআরডিবি'র মহাপরিচালক মহোদয়কে সকল কর্মকর্তা-কর্মচারী ফুলেল শুভেচ্ছা প্রদান করেন।

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি) এর ত্রৈমাসিক ই-বুলেটিন
পল্লী পারিক্রমা
এপ্রিল-জুন ২০২১ বর্ষ ৫ সংখ্যা ১৬

## বিআরডিবি, মোহনগঞ্জ, নেত্রকোণায় ইটের সলিংকরণ রাস্তা এর শুভ উদ্বোধন করেন উপপরিচালক, বিআরডিবি, নেত্রকোণা।




গত ২১ এপ্রিল ২০২১ খ্রি. তারিখে বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি) কর্তৃক বাস্তবায়নাধীন অংশীদারিত্বমূলক পল্লী উন্নয়ন প্রকল্প (পিআরডিপি -৩) এর আওতায় মোহনগঞ্জ, নেত্রকোণা পশ্চিম সহিলদেও মসজিদ হতে ভায়া কবরস্থান পর্যন্ত ২৫০ ফুট দৈর্ঘ্য ও ৭৬ফুট প্রস্ত রাস্তা ইটের সলিংকরণ স্কীম এর শুভ উদ্বোধন করেন জনাব ভবেশ রঞ্জন চৌধুরী, সম্মানিত উপপরিচালক, বিআরডিবি, নেত্রকোণা ।

## বিআরডিবি, আলমডাঙ্গা, চুয়াডাঙ্গায় ২টি কৃষক সমবায় সমিতি (কেএসএস) তে ঋণ বিতরণ



৬ এপ্রিল ২০২১ তারিখ আলমডাঙ্গা, চুয়াডাঙ্গায় ২টি কৃষক সমবায় সমিতি (কেএসএস) এর ৪৯ জন সদস্যের মধ্যে ১৪,৬৪,০০০ টাকা এবং ২টি দারিদ্র্য বিমোচনের লক্ষ্যে পুষ্টি সমৃদ্ধ উচ্চ মূল্যের অপ্রধান শস্য উৎপাদন ও বাজারজাতকরণ কর্মসূচী দলের ৩০ জন সদস্যের মধ্যে, ৫,৭৩,০০০টাকা ঋণ বিতরণ করা হয়। এসময় উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বিআরডিবি, আলমডাঙ্গা, চুয়াডাঙ্গা জনাব মোছাঃ শায়লা শারমিন উপস্থিত ছিলেন।

## বিআরডিবি, ঘাটাইল, টাঙ্গাইল এ সাপ্তাহিক সমন্বয় সভা অনুষ্ঠিত




০১ এপ্রিল ২০২১ তারিখে উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা. বিআরডিবি, ঘাটাইল, টাঙ্গাইল এর কার্যালয়ে সাপ্তাহিক সমন্বয় সভায় অনুষ্ঠিত হয়। উক্ত সভায় উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভাপতিত্ব করেন। সভায় ঘাটাইলে কর্মরত সকল কর্মকর্তা-কর্মচারী উপস্থিত ছিলেন। সভায় প্রতিটি কার্যক্রমের লক্ষমাত্রার অনুযায়ী অগ্রগতি বিষয়ক এবং কার্যক্রম বাস্তবায়নে অসুবিধাগুলো দূরীকরণসহ বিভিন্ন বিষয়ে আলোচনা হয়। প্রতিটি প্রকল্প-কর্মসূচির কার্যক্রমের বিষয়ে বিভিন্ন দিক-নির্দেশনা প্রদান করেন উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা।

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি) এর ত্রৈমাসিক ই-বুলেটিন
পল্লী পারিক্রমা
এপ্রিল-জুন ২০২১ বর্ষ ৫ সংখ্যা ১৬

# কৃষকদের স্বাবলম্বী করতে অপ্রধান শস্য বীজ ও চারা বিতরণ করছে বিআরডিবি।




গত ১১ মে ২০২১ তারিখে ডিমলা বিআরডিবি'র "অপ্রধান শস্য প্রকল্পের" ৩০০ জন উপকারভোগীর মধ্যে প্রতি জনের ১০টি করে সর্বমোট ৩০০০ (তিন হাজার) টি আদার চারা বিতরণ করা হয়। উক্ত চারা বিতরণ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন নীলফামারী জেলার বিআরডিবি'র সম্মানিত উপপরিচালক জনাব মোঃ আব্দুল হান্নান, ডিমলা উপজেলা নির্বাহী কর্মকর্তা জনাব জয়শ্রী রাণী রায়, মিলা উপজেলার উপজেলা পুরুষ ভাইস চেয়ারম্যান এবং ডিমলা উপজেলার উপজেলা পল্লী উন্নয়ন অফিসার জনাব মোঃ রাজিউর রহমানসহ প্রকল্প কর্মচারী বৃন্দ।



**গত ৮ এপ্রিল ২০২১ তারিখে  তারিখে বিআরডিবি, চৌহালি, সিরাজগঞ্জ সমন্বিত দারিদ্র্য বিমোচন কর্মসূচি (সদাবিক) এর সুভোলভোগী সদস্যদের মাঝে ঋণ বিতরণ করেন উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, চৌহালি, সিরাজগঞ্জ। সদস্যদের বিভিন্ন আইজি এর উপর ঋণ বিতরণ করা হয়।**

দারিদ্র্য বিমোচনের লক্ষ্যে পুষ্টি সমৃদ্ধ উচ্চ মূল্যের অপ্রধান শস্য উৎপাদন ও বাজারজাতকরণ কর্মসূচী এর আওতায় কৃষকের প্রদর্শনী প্লট পরিদর্শন।






২২ মে ২০২১ তারিখে মানিকগঞ্জ জেলার ঘিওর উপজেলার বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়নাধীন অপ্রধান শস্য প্রকল্পের ভুট্টার প্রদর্শনী প্লট পরিদর্শন করেন উপপরিচালক জনাব মোঃ তাজ-উল ইসলাম।

২২ মে ২০২১ তারিখে নীল ফামারী জেলার ডোমার উপজেলার বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়নাধীন অপ্রধান শস্য প্রকল্পের ভুট্টার প্রদর্শনী প্লট পরিদর্শন করেন উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা।

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি) এর ত্রৈমাসিক ই-বুলেটিন
পল্লী পারিক্রমা
এপ্রিল-জুন ২০২১ বর্ষ ৫ সংখ্যা ১৬

# এসেছে পল্লীর শুভ দিন
# বিআরডিবি দিচ্ছে এসএমই ঋণ



## করোনায় ক্ষতিগ্রস্ত ক্ষুদ্র পল্লী উদ্যোক্তাদের ঋণ দিচ্ছে বিআরডিবি

করোনা মহামারিতে ক্ষতিগ্রস্ত ক্ষুদ্র পল্লী উদ্যোক্তাদের মাঝে সহজ শর্তে 'এসএমই ঋণ বিতরণ শুরু করেছে বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি)।

১৪ জুন ২০২১ তারিখে বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি) এর সদরদপ্তরের সম্মেলন কক্ষে এই ঋণ বিতরণ কার্যক্রমের উদ্বোধন করেন পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী স্বপন ভট্টাচার্য্য। এতে বিশেস অতিথি ছিলেন পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের সচিব মোঃ রেজাউল আহসান। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি) এর মহাপরিচালক সুপ্রিয় কুমার কন্ডু।

'এসেছে পল্লীর শুভদিন বিআরডিবি দিচ্ছে এসএমই ঋণ' স্লোগানকে সামনে রেখে ক্ষুদ্র পল্লী উদ্যোক্তাদের মাঝে পর্যায়ক্রমে ৩০০ কোটি টাকার ঋণ বিতরণ করা হবে। প্রধানমন্ত্রী শেখ হাসিনা ঘোষিত করোনাকালীন প্রণোদনা প্যাকেজের আওতায় বিআরডিবি এই ঋণ তহবিল বরাদ্দ পেয়েছে। ৪ শতাংশ সরল সেবামুল্যে দুই বছর মেয়াদে (ছয় মাস গ্রেস পিরিয়ডসহ) উক্ত ঋণ বিতরণ করা হবে। এর মধ্যে প্রথম দফায় প্রাপ্ত ১৫০ কোটি টাকা থেকে বৃহত্তর ফরিদপুরের পাঁচটি জেলার ২৮৭ উপজেলার ৭৯৯ জন সুফল ভোগী ক্ষুদ্র উদ্যোক্তাদের মাঝে ২০ কোটি ২১ লাখ ৮০ হাজার টাক বিরণ করা হয়েছে।

ঋণ বিতরণ অনুষ্ঠানে গোপালগঞ্জ জেলার টুঙ্গিপাড়া উপজেলার একজনসহ এবং বৃহত্তর ফরিদপুরের ৫জন ক্ষুদ্র উদ্যোক্তা উপস্থিত থেকে ঋণের চেক গ্রহণ করেন। এছাড়াও ভার্চুয়াল পদ্ধতিতে সংযুক্ত থেকে অবশিষ্ট ৭৯৪ জন ক্ষুদ্র উদ্যোক্তা বৃহত্তর ফরিদপুরের পাঁচটি জেলার বিআরডিবি'র জেলা কার্যালয় থেকে ঋণের চেক গ্রহণ করেছেন। পর্যায়ক্রমে সারা দেশের সকল জেলা ও উপজেলায় করোনায় ক্ষতিগ্রস্ত ক্ষুদ্র উদ্যোক্তাদের মাঝে এ প্রণোদনা ঋণ বিতরণ কার্যক্রম।





গোপালগঞ্জের পল্লী উদ্যোক্তা জনাব পারভিন আক্তার ও জনাব মোঃ রুহুল আমিন চেক গ্রহণ করছেন।

# বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি) এর ত্রৈমাসিক ই-বুলেটিন

# পল্লী পারিক্রমা

এপ্রিল-জুন ২০২১ বর্ষ ৫ সংখ্যা ১৬




মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক ঘোষিত প্রণোদনা প্যাকেজের আওতায় কোভিড-১৯ এ ক্ষতিগ্রস্ত পল্লী উদ্যোক্তাদের মাঝে সহজ শর্তে এসএমই ঋণ বিতরণ করছে বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি)। ঋণ প্রাপ্তির জন্য মাঠ পর্যায়ে ক্ষতিগ্রস্ত উদ্যোক্তাগণ আবেদন করে উক্ত আবেদনগুলো গত ১৯ জুন ২০২১ তারিখে বিআরডিবি'র মহাপরিচালক মহোদয়ের উপস্থিতে যাচাইবাছাই করছে একাজে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাবৃন্দ। মহাপরিচালক, বিআরডিবি আবেদন পর্যালোচনা কাজে সার্বিক দিক নির্দেশনা প্রদান করেন।




২১-২৩ জুন ২০২১ বিআরডিবি'র সদরদপ্তরে কর্মরত কর্মকর্তা-কর্মচারীদের বার্ষিক ৬০ ঘন্টা প্রশিক্ষণ বিআরডিবি'র সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হয়। উক্ত প্রশিক্ষণে নিয়োগ ও পদোন্নতি বিধিমালা, সরকারি কর্মচারী (নিয়মি উপস্তিতি) বিধিমালা-২০০৯, সুশাসন, সরকারি চাকরি আইন-২০১৮ ও ছুটি বিধিমালার বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হয়।




সদর কার্যালয়ে সম্মেলন কক্ষে গত ২৪ মে ২০২১ তারিখে "বিআরডিবি কর্তৃক বাস্তবায়নাধীন দারিদ্র বিমোচনের লক্ষ্যে পুষ্টি সমৃদ্ধ উচ্চ মূল্যের অপ্রধান শস্য উৎপাদন ও বাজারজাতকরণ কর্মসূচী এর "অপ্রধান শস্য উৎপাদন পরবর্তী বাজারজাতকরণ তথা মার্কেট লিংকেজ স্থাপন" শীর্ষক কর্মশালা অনুষ্ঠিত হয়। উক্ত কর্মশালায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিআরডিবি'র মহাপরিচালক (গ্রেড-১) জনাব সুপ্রিয় কুমার কন্ডু। মহাপরিচালক মহোদয় বলেন এদেশের ক্ষুদ্র কৃষকের উৎপাদিত পণ্যের বাজারজাতকরণ লিংকেজ তৈরি করতে পারলে, মধ্যস্থভোগী দূর হবে, আর মধ্যস্থভোগী দূর হলে কৃষক ন্যায্যমূল্য পাবে এবং সে উৎপাদিনে উৎসাহী হবে। কর্মশালায় অংশগ্রহণকারীরা বাজারজাতকরণ লিংকেজ তৈরি বিষয়ে গুরুত্বপূর্ণ মতামত প্রদান করেন।




২৪ জুন ২০২১ বিআরডিবি'র সম্মেলন কক্ষে জেলা পর্যায়ের উপপরিচারকগণের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) বিষয়ক দিনব্যপি প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়। উক্ত প্রশিক্ষণে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) লক্ষমাত্রা নির্ধারনের উপায় এবং লক্ষমাত্রা অনুযায়ী বাস্তবায়ন কৌশল বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হয়।

# বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি) এর ত্রৈমাসিক ই-বুলেটিন

# পল্লী পরিক্রমা

এপ্রিল-জুন ২০২১ বর্ষ ৫ সংখ্যা ১৬




## ২০২১-২০২২ অর্থবছরের এপিএ চুক্তি স্বাক্ষর অনুষ্ঠান

গত ১৭ জুন ২০২১ তারিখে বিআরডিবি’র সম্মেলন কক্ষে বিআরডিবি’র জেলা কার্যালয়সমূহের সাথে বিআরডিবি সদরদপ্তরের ২০২১-২০২২ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষর অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিআরডিবি’র মহাপরিচালক জনাব সুপ্রিয় কুমার কুন্ডু। মহাপরিচালক মহোদয় বিআরডিবি’র জেলা কার্যালয়ের প্রধানদের সাথে ২০২১-২০২২ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষর করেন।

## উল্লাপাড়া, সিরাজগঞ্জ এ পিআরডিপি-৩ আওতায় রাস্তা নির্মাণ

গত ২৫ জুন ২০২১ তারিখে সিরাজগঞ্জ জেলার উল্লাপাড়া উপজেলার ১৩ নং সলপ ইউনিয়নের সোনতলা নতুন পাড়া পাকা সংলগ্ হযরতের বাড়ি হতে মানিক সরকারের বাড়ি পর্যন্ত বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তাবায়নাধীন অংশীদারিত্বমূলক পল্লী উন্নয়ন প্রকল্প-৩ আওতায় ঢালাই রাস্তা নির্মাণ করা হয়। নির্মিত মাত্র ১৩০ ফুট দীর্ঘ এই রাস্তাটি চলমান বর্ষার মৌসুমে স্বাচ্ছন্দ্যে পথ চলার সুযোগ করে দিয়েছে।







## উদ্ভাবন ও সেবাসহজিকরণ কার্যক্রমে দক্ষতা বৃদ্ধি বিষয়ক প্রশিক্ষণ

গত ২৬ জুন ২০২১ তারিখে ববাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড সম্মেলন কক্ষে উদ্ভাবন ও সেবাসহজিকরণ কার্যক্রমে দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে বিআরডিবি সদরদপ্তরের ২য় শ্রেণির কর্মকর্তা ও ৩য় শ্রেণির কর্মচারীদের দিনব্যপী প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়। উক্ত প্রশিক্ষণে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিআরডিবি’র মহাপরিচালক জনাব সুপ্রিয় কুমার কুন্ডু এবং সভাপতিত্ব করেন জনাব এস.এম. মাসুদুর রহমান পরিচালক (পরিকল্পনা ও প্রশাসন)।

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি) এর ত্রৈমাসিক ই-বুলেটিন

# পল্লী পারিক্রমা

এপ্রিল-জুন ২০২১ বর্ষ ৫ সংখ্যা ১৬

## বিআরডিবি'তে স্থাপিত বঙ্গবন্ধু কর্ণার পরিদর্শন করেছেন স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের মাননীয়র প্রতিমন্ত্রী জনাব স্বপন ভট্টাচার্য্য, এমপি।






মুজিব বর্ষ উপলক্ষ্যে বিআরডিবিতে বঙ্গবন্ধু কর্ণার নির্মাণ করা হয়। গত ১৪ জুন ২০২১ তারিখে স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের মাননীয়র প্রতিমন্ত্রী জনাব স্বপন ভট্টাচার্য্য, এমপি এবং পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের সচিব, জনাব মোঃ রেজাউল আহসান মহোদয় বিআরডিবি'র বঙ্গবন্ধু কর্ণার পরিদর্শন করেন। মাননীয় প্রতিমন্ত্রী এবং সচিব মহোদয় বঙ্গবন্ধু কর্ণার এর পরিদর্শন বইয়ে স্বাক্ষর করেন।

## রংপুরে ১০ তলা বিশিষ্ট ডিসপ্লে কাম সেলস সেন্টারের ভিত্তি প্রস্তর স্থাপন করলেন সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ




০৪ জুন ২০২১ তারিখে বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি) কর্তৃক বাস্তবায়নধীন উত্তরাঞ্চলের দরিদ্রদের কর্মসংস্থান নিশ্চিতকরণ কর্মসূচি (উদকনিক) শীর্ষক প্রকল্পের আওতায় রংপুরে ১০ তলা বিশিষ্ট ডিসপ্লে কাম সেলস সেন্টার নির্মাণ কাজের ভিত্তি প্রস্তর স্থাপন করেন জনাব মোঃ রেজাউল আহসান, সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ। এ সময় আরো উপস্থিত ছিলেন বিআরডিবি'র মহাপরিচালক জনাব সুপ্রিয় কুমার কুন্ডু মহোদয়। উক্ত ডিসপ্লে কাম সেলস সেন্টার নির্মিত হলে উক্ত প্রকল্পের সদস্য এবং বিআরডিবি'র সকল সুফোলভোগী সদস্যদের উৎপাদিত পণ্য প্রদর্শন ও বিক্রয় করতে পারবে। উৎপাদিত পণ্যের ন্যায্য মূল্য পাবে এত সদস্যদের পণ্যের উৎপাদিত ন্যায্য মূল্য পাবে এত সদস্যরা পণ্যের উৎপাদন বৃদ্ধিতে উৎসাহ পাবে। রংপুর অঞ্চলে ক্ষুদ্র উদ্যোক্তাদের মাঝে বৈপ্লবিক পরিবর্তন সাধিত হবে।

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি) এর ত্রৈমাসিক ই-বুলেটিন

# পল্লী পরিক্রমা

এপ্রিল-জুন ২০২১ বর্ষ ৫ সংখ্যা ১৬



## উদকনিক প্রকল্পের সদস্যদের উৎপাদিত পণ্য দেখছেন সচিব পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ

গত ৪ জুন ২০২১ তারিখে রংপুর সদর, রংপুর এ বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি) কর্তৃক বাস্তাবায়নাধীন উত্তরাঞ্চলের দরিদ্রদের কর্মসংস্থান নিশ্চিতকরণ কর্মসূচি (উদকনিক) শীর্ষক প্রকল্পের সদস্যদের উৎপাদিত পণ্য দেখছেন জনাব মোঃ রেজাউল আহসান, সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ এবং জনাব সুপ্রিয় কুমার কুন্ডু, মহাপরিচালক, বিআরডিবি।

## Development IT Based Integrated Monitoring System of BRDB শীর্ষক দিনব্যাপী কর্মশালা অনুষ্ঠিত

গত ১৯ জুন ২০২১ তারিখে বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড এর সম্মেলন কক্ষে Development IT Based Integrated Monitoring System of BRDB শীর্ষক দিনব্যাপী কর্মশালা অনুষ্ঠিত হয়। উক্ত কর্মশালায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনাব প্রদীপ রঞ্জন চক্রবর্তী সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, পরিকল্পনা মন্ত্রনালয়। সভাপতিত্ব করেন মহাপরিচালক জনাব সুপ্রিয় কুমার কুন্ডু।






## ঘাটাইল, বিআরডিবি, টাংগাইল এ ঋণ সহায়তা প্রদান

গত ২৭ জুন ২০২১ তারিখে ঘাটাইল, বিআরডিবি, টাংগাইল এ বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি) কর্তৃক বাস্তাবয়নাধীন পল্লী দারিদ্র্য বিমোচন কর্মসূচির সদস্যদের মাঝে বিভিন্ন আইজিএ এর ২৮ লক্ষ ৭০ হাজার টাকা ঋণ বিতরণ করেন উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা।

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি) এর ত্রৈমাসিক ই-বুলেটিন

# পল্লী পরিক্রমা

এপ্রিল-জুন ২০২১ বর্ষ ৫ সংখ্যা ১৬




গাইবান্ধা সমন্বিত পল্লী উন্নয়ন দুরীকরণ প্রকল্পের আইজিএ ভিত্তিক ১৫ দিন ব্যাপী ট্রেনিং এর সমাপনী অনুষ্ঠান বিআরডিবি'র হল রুম, সুন্দরগঞ্জ, গাইবান্ধাতে অনুষ্ঠিত হয়। উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনাব মোহাম্মদ আল-মারুফ উপজেলা নির্বাহী অফিসার, সুন্দরগঞ্জ, গাইবান্ধা। প্রধান অতিথি আইজিএ ভিত্তিক কাজের উপ গুরুত্বারোপ করেন। হাতে কলমে শিক্ষা নিয়ে দারিদ্র্য বিমোচন, আত্মনির্ভরশীলতা অর্জন করতে হবে। মাননীয় প্রধানমন্ত্রীর অগ্রাধিকার প্রকল্প গাইবান্ধা সমন্বিত পল্লী দারিদ্র্য দূরীকরণ প্রকল্পটি সফলভাব বাস্তবায়ন করতে হবে। দারিদ্র্য দূরীকরণ করে মাননীয় প্রধানমন্ত্রীর ঘোষিত মধ্যম আয়ের দেশ পরিণত করতে বিআরডিবি ভূমিকা পালন করতে হবে। সকলকে আইজিএ ভিত্তিক কর্মকান্ড জড়িত থেকে নিজের উন্নয়ন ত্বরান্বিত করতে হবে। এছাড়াও তিনি বাল্য বিবাহ, যৌতুক ও মাদক বিষয়ে আলোকপাত করেন। প্রধান অতিথি সুফোলভোগীদের মাঝে ট্রেনিং ভাতা প্রদান করেন। এসময় উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা জনাব আবুল কালাম আজাদ ও সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা মোঃ সামিউ ইসলামসহ অফিসের অন্যান্য কর্মকর্তা-কর্মচারী উপস্থিত ছিলেন।

## বগুড়ায় পিআরডিপি-৩ প্রকল্পের আঞ্চলিক কর্মশালা অনুষ্ঠিত

গত ৫ জুন ২০২১ তারিখে বগুড়া পল্লী উন্নয়ন একাডেমি (আরডিএ), বগুড়াতে অংশীদারিত্বমূলক পল্র উন্নয়ন প্রকল্প (পিআরডিপি-৩) এর আঞ্চলিক কর্মশালা অনুষ্ঠিত। উক্ত আঞ্চলিক সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মহাপরিচালক জনাব সুপ্রিয় কুমার কুন্ডু।







বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি) কর্তৃক বাস্তাবয়নাধীন অংশীদারিত্বমূলক পল্র উন্নয়ন প্রকল্প (পিআরডিপি-৩) এর পশ্চিম রামজীবন গ্রাম উন্নয়ন কমিটির মাসিক সভা গতকাল পশ্চিম রামজীবন গ্রাম উন্নয়ন কমিটর মাসিক সভা পশ্চিম রামজীবন গ্রাম, সুন্দরগঞ্জে অনুষ্ঠিত হয়। সভায় অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা ও ইউনিয়ন ডেভেলপমেন্ট অফিসার (অঃদাঃ) জনাব সামিউল ইসলাম। সভায় প্রকল্পের বিভিন্ন বিষয় ও গ্রামের সামগ্রিক উন্নয়ন নিয়ে আলোচনা করা হয়। সভা বিআরডিবি'র সেবা, বাল্য বিবাহ, যৌতুক ও পরিবার পরিকল্পনা নিয়ে আলোচনা করেন। এছাড়াও তিনি গ্রামের উন্নয়নে কমিটির মাসিক সভা নিয়মিত করার জন্য গুরুত্বারোপ করেন। সভায় গ্রাম উন্নয়ন কমিটির সদস্যবৃন্দসহ গ্রামবাসীগণ উপস্থিত ছিলেন।

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি) এর ত্রৈমাসিক ই-বুলেটিন

# পল্লী পারিক্রমা

এপ্রিল-জুন ২০২১ বর্ষ ৫ সংখ্যা ১৬




## ২০২০-২০২১ অর্থবছরে জাতীয় শুদ্ধাচার পুরস্কার প্রদান করছেন বিআরডিবি'র মহাপরিচালক

২৯ জুন ২০২১ খ্রি. তারিখে বিআরডিবি সদর কার্যালয় ও মাঠ পর্যায়ে জাতীয় শুদ্ধাচার পুরস্কার ২০২০-২০২১ অর্থবছরে প্রাপ্ত কর্মকর্তা/ কর্মচারীদের মাঝে সনদপত্র বিতরণ করেন বিআরডিবি মহাপরিচালক জনাব সুপ্রিয় কুমার কুন্ডু। উক্ত অনুষ্ঠানে সভাপতিত্ব করেন জনাব এস. এম. মাসুদুর রহমান। ২০২০-২০২১ অর্থবছরে সদরদপ্তরে ১২ জন এবং ৫০ জন কে জাতীয় শুদ্ধাচার পুরস্কার প্রদান করা হয়।




গত ২১ জুন ২০২১ তারিখে গোপালগঞ্জ জেলার টুঙ্গিপাড়া বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়নাধীন অংশীদারিত্বমূলক পল্লী উন্নয়ন প্রকল্প-৩ আওতায় সুপ্রিয় পানির টিউবয়েল স্থাপন করা হয়। ছোট কাজের বৃহৎ আকারে সুবিধা পাচ্ছে প্রায় ৩০টি অস্বচ্ছল পরিবার।

গত ১১ মে ২০২১ খ্রি. নেত্রকোণা জেলার মোহনগঞ্জ উপজেলার আবর্তক (কৃষি) ঋণ কর্মসূচির আওতায় পুটিউগা কেএসএস এর ১২ জন সদস্যের মাঝে ৩ লক্ষ ৮৮ হাজার টাকা ঋণ সহায়তা প্রদান করেন উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, মোহনগঞ্জ, বিআরডিবি, নেত্রকোণা।



# বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি) এর ত্রৈমাসিক ই-বুলেটিন

# পল্লী পারিক্রমা

এপ্রিল-জুন ২০২১ বর্ষ ৫ সংখ্যা ১৬




**যোগাযোগ:**

উপপরিচালক (জনসংযোগ ও সমন্বয়)
বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
পল্লীভবন
৫ ,কাওরান বাজার , ঢাকা ।

ফোন : ০২-৮১৮০০১৮
মোবাইল : ০১৭১৬-৭৪৫৫৭২
ফ্যাক্স : ০২-৮১৮০০০৩
Email : ddprc@brdb.gov.bd
Web : www.brdb.gov.bd

www.facebook.com/brdb.gov/

www.youtube.com/channel
UC6JvyUA74AJFYtIqNEPHs0A featured

https://twitter.com/_BRDB




গত ২৭ জুন ২০২১ খ্রি. বিআরডিবি'র কর্মকর্তা-কর্মচারীদের সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) বাস্তবায়নে সম্পৃক্ততা ও সচেতনতা সৃষ্টি' বিষয়ক দিনব্যাপী কর্মশালা অনুষ্ঠিত হয়। উক্ত কর্মশালায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিআরাডিবি'র মহাপরিচালক জনাব সুপ্রিয় কুমার কুন্ডু কর্মশালায় সভাপতিত্ব করেন জনাব এস.এম. মাসুদুর রহমান, পরিচালক (পরিকল্পনা), বিআরডিবি।



গত ০৮ জুন ২০২১ তারিখে নওগাঁ মহাদেবপুর উপজেলা পরিষদ অডিটোরিয়ামে বিআরডিবি'র সিভিডিপি ৩য় পর্যায়ে প্রকল্পের সুফলভোগীদের ০৩ দিন মেয়াদি "সমবায় সমিতির হিসাব রক্ষণ ও আর্থিক ব্যবস্থাপনা" শীর্ষক প্রশিক্ষণ কোর্ড এর শুভ উদ্বোধন করেন প্রকল্পপরিচালক ও সরকারের যুগ্ম সচিব জনাব ডঃ মোঃ আলফাজ হোসেন। বিশেস অতিথি হিসেতে উপস্থিত ছিলেন বিআরডিবি'র যুগ্ম পরিচালক ও সিভিডিপি প্রকল্পের উপ-প্রকল্প পরিচালক জনাব মোঃ মোক্তার হোসেন।



পল্লী ক্ষুদ্র অবকাঠামো উন্নয়নে নিরলসভাবে কাজ করছে বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি)। তারই অংশ হিসেবে গত ২৭ জুন ২০২১ খ্রি. কালিয়াকৈর উপজেলায় নির্মাণধীন রাস্তা পরিদর্শন করেন উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা জনাব মোঃ আব্দুস সাত্তার।

মহাপরিচালক, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড এর পক্ষে উপপরিচালক (জনসংযোগ ও সমন্বয়), পল্লীভবন, ৫ কাওরানবাজার, ঢাকা-১২১৫ কর্তৃক প্রকাশিত ও প্রচারিত
ফোন: ০২-৮১৮০০১৮, ফ্যাক্স: ০২-৮১৮০০০৩, ই-মেইল: ddprc@brdb.gov.bd, ওয়েবসাইট: www.brdb.gov.bd